

## ২১ ইউনিভার্সিটি খুলছে অনিশ্চয়তায় পাচটি

৫১ দিন

যায়যায় ডেস্ক

দেশের ২৬টি পাবলিক ইউনিভার্সিটির মধ্যে ২১টি ইউনিভার্সিটির ক্ষেত্রে বন্ধ রাখার সরকারি সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। আগামী সপ্তাহেই খুলছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ময়মনসিংহের কবি নজরুল ইউনিভার্সিটি। তবে সৈদের আগে খুলছে না রাজশাহী ইউনিভার্সিটি। আর ইসলামী ইউনিভার্সিটি খোলার ব্যাপারে অনিশ্চয়তা এখনো কাটেনি। আমাদের প্রতিনিধি ও

সংবাদদাতাদের পাঠানো নিউজ :

সৈদের আগে খুলছে না রাবি রাজশাহী ইউনিভার্সিটি সংবাদদাতা জানান, সরকার-শিক্ষাঙ্গন খোলা রাখার ওপর নির্বেদাজ্ঞা তুলে নিলেও রাজশাহী ইউনিভার্সিটি খোলার সিদ্ধান্তে পৌছতে পারছে না প্রশাসন। এ ব্যাপারে গতকাল ইউনিভার্সিটির ডিসি প্রফেসর ড. এম আলতাফ হোসেন জানান, ইউনিভার্সিটির বিভিন্ন ফ্যাকাল্টির ডিন, বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের

## ২১ ইউনিভার্সিটি খুলছে অনিশ্চয়তায় পাচটি

(প্রথম পৃষ্ঠার পর)

পরিচালক, সিনিয়র টিচার ও কর্মকর্তা-কর্মচারীসহ আটটি গ্রুপের লোকজন নিয়ে আলোচনা হয়েছে। কিন্তু তারা কেউই এ মুহূর্তে ইউনিভার্সিটি খোলার ব্যাপারে কোনো মতামত দিতে পারেননি।

শাহজালাল বিশ্ববিদ্যালয় খুলছে সোমবার শাবি প্রতিনিধি জানান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আগামী ১০ সেপ্টেম্বর খুলছে। ৮ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের হলগুলো খুলে দেয়া হবে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জামিল আহমদ চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এদিকে শাবির এক জরুরি সিডিকেট বৈঠক গতকাল অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন শাবির ডিসি প্রফেসর ড. এম আমিনুল ইসলাম। এর আগে মঙ্গলবার রাতে শাবির প্রক্টরিয়াল কমিটির এক বৈঠকে বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত হয়।

ইবি খোলা নিয়ে অনিশ্চয়তা  
ইবি প্রতিনিধি জানান, শিক্ষা উপদেষ্টার

রেজিস্ট্রার ড. মসলেমউদ্দিন বলেন, বিভিন্ন অনুবাদের ডিন ও বিভাগীয় সভাপতিদের সঙ্গে ডিসি কথা বলবেন। ডিনরা সম্মতি দিলে সিডিকেটের মিটিংয়ে সিদ্ধান্ত হবে কবে ইউনিভার্সিটি খোলা হবে।

নোয়াখালী বিশ্ববিদ্যালয় খুলছে শনিবার নোয়াখালী প্রতিনিধি জানান, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। বুধবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৮ সেপ্টেম্বর থেকে সব বিভাগের ক্লাস শুরু হবে। আবাসিক হলগুলো খুলে দেয়া হবে ৭ সেপ্টেম্বর। ১৬ সেপ্টেম্বর থেকে মিড টার্ম পরীক্ষা শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কাজী ফজলুল করিম স্বাক্ষরিত এক প্রেস রিলিজে এ কথা জানানো হয়।

শিগগির খুলছে কবি নজরুল ইউনিভার্সিটি ময়মনসিংহ সংবাদদাতা জানান, চলতি মাসেই খুলছে কাজী নজরুল ইসলাম ইউনিভার্সিটি। আগামী ১২ সেপ্টেম্বর সিডিকেট মিটিংয়ে এ ব্যাপারে সিদ্ধান্ত হবে।

বুধবার এ কথা জানিয়েছেন ইউনিভার্সিটির ডিসি প্রফেসর ড. এম শামসুর রহমান। ডিসি জানান, সিডিকেট মিটিংয়ের মাধ্যমে কবি নজরুল ইউনিভার্সিটি খোলার সিদ্ধান্ত নিতে বলেছেন শিক্ষা উপদেষ্টা।

তাই আমরা আগামী ১২ সেপ্টেম্বর সিডিকেট মিটিং আহ্বান করেছি। সেদিনই সিদ্ধান্ত হবে

কবে ইউনিভার্সিটি খুলবে। তবে তিনি ইঙ্গিত দেন, চলতি মাসেই ইউনিভার্সিটি খুলবে।

শেখুবি খুলছে ১২ সেপ্টেম্বর শেখুবি রিপোর্টার জানান, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো আগামী ১২ সেপ্টেম্বর খুলে দেয়া হচ্ছে। স্থগিত পরীক্ষাগুলো ১৬ থেকে ২০ সেপ্টেম্বরের মধ্যে নেয়া হবে। পরবর্তী সেমিস্টারের ক্লাস ২২ সেপ্টেম্বর থেকে শুরু হবে বলে বুধবার বিভাগীয় প্রধান ও প্রভোস্টদের মিটিং শেষে জানানো হয়।

এ প্রসঙ্গে শেখুবির উপাচার্য ড. এ এম ফারুক জানান, শিক্ষার্থীরা যেন সেশন জটে না পড়ে সে জন্য সাপ্তাহিক ছুটি দুদিনের পরিবর্তে একদিন করারও চিন্তা করা হচ্ছে। বৃহস্পতিবার ওই বিষয়গুলো সিডিকেট সভায় পাস করা হবে বলে তিনি জানান।

বুয়েট খুলছে শনিবার বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) হলগুলো আগামী শনিবার খুলে দেয়া হবে। বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হবে আগামী রবিবার থেকে। গতকাল বুধবার সন্ধ্যায় বুয়েটের একাডেমিক কাউন্সিলে এ সিদ্ধান্ত নেয়া হয়। একাডেমিক কাউন্সিলের ওই সিদ্ধান্ত আজ সিডিকেটের মিটিংয়ে তোলা হবে। সিডিকেটে বিষয়টি পাস হলেই কর্তৃপক্ষ অফিশিয়ালি বিষয়টি ঘোষণা দেবেন।